দৈনিক খবর

008

তারিখ 08 JAN 1988
পৃষ্ঠা ... কলাম ...

স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। স্কুল প্রাঙ্গণে উৎকণ্ঠিত অভিভাবক —খবর

ভর্তি সংকটের সমাধান কই?

।। স্টাফ রিপোর্টার ।।

আসন সংখ্যা একশ', আবেদনপত্র জমা পড়েছে তিন হাজার।

রাজধানীর অন্যতম নামকরা হলিক্রস স্কুলে কেজি ক্লাসে ভর্তির এ চিত্রের পাশাপাশি অন্যান্য স্কুলগুলোতেও অবস্থাটা খুব ব্যতিক্রমী নয়।

উদয়ন স্কুলে নার্সারীতে আসন সংখ্যা দেড়শ'। গতকাল পর্যন্ত সাড়ে পাঁচশ' আবেদনপত্র জমা পড়েছে। গভঃ ল্যাবরেটরী, ভিখারুন্নেছা নুন বালিকা বিদ্যালয়, অগ্রণী বালিকা বিদ্যালয়,

৭-এর পাতায় দেখুন

ভর্তি সংকটের

প্রথম পৃষ্ঠার পর

উইলিস লিটল ফ্লাওয়ার স্কুল, লিটল জুয়েলস্‌সহ ভাল সবগুলো স্কুলেই একই অবস্থা। প্রতিটি স্কুলেই অভিভাবকদের দুঃশ্চিন্তা, উৎকণ্ঠা আর ভয়ার্ত শিশুদের ভিড়। গতকাল থেকে শুরু হয়েছে ভর্তি পরীক্ষা।

ভালো স্কুলে তাদের সন্তানদের কিভাবে ভর্তি করা যায়— তা নিয়ে অভিভাবকরা বড়ই চিন্তিত। রাজনৈতিক গোলযোগের কারণে স্কুলে ভর্তির ব্যাপারটা অনিশ্চিত হয়ে পড়েছিলো। সরকার এবার একই সাথে রাজধানীর সরকারী-বেসরকারী ৩০৭টি স্কুলের সবক'টিতেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের নির্দেশ দিয়েছেন। আগামীকাল শনিবার এই সময়সীমা শেষ হচ্ছে।

পরীক্ষার সময়সীমা নির্দিষ্ট করে দেয়ার ফলে অভিভাবকরা আরও বেশী চিন্তিত হয়ে পড়েছেন। কেননা বিভিন্ন দিনে পরীক্ষা হলে অভিভাবকরা এক স্কুলে ভর্তি করাতে না পারলে তাদের সন্তানদের পরবর্তীতে অন্য স্কুলে ভর্তির চেষ্টা করার সুযোগ পান। অবশ্য কোন কোন স্কুল কর্তৃপক্ষ নির্দিষ্ট সময়সীমার চেয়ে ২/১ দিন করে ভর্তি পরীক্ষার জন্য সময় বাড়িয়ে নিয়েছেন।

কিন্ডার গার্টেনের চেয়ে অভিভাবকরা স্কুলেই তাদের সন্তানদের ভর্তি করাতে বেশী আগ্রহী। এর কারণ অর্থনৈতিক। কিন্তু স্কুলেও তাদের ভর্তি করা দুরূহ ব্যাপার।

ভালো স্কুলগুলোতে গতকাল অভিভাবক ও শিশুদের ব্যাপক ভিড় লক্ষ্য করা গেছে। খুব সকাল থেকে অভিভাবকরা তাদের সন্তানদের ভালো স্কুলে ভর্তির আশায় নিয়ে গেছেন। ভিড়ের চাপে শিশুরা ভীত সন্ত্রস্ত দ্বিধা-কম্পিত ও জড়সড় হয়ে তাদে উপস্থিতি দিয়েছে। শিক্ষার প্রথম পাঠে বিদ্যালয়ে প্রথমে ঢুকেই তাদের হোঁ খেতে হয়েছে। পক্ষান্তরে অভিভাবক বিশেষতঃ সন্তানদের মায়েদের স্কু প্রাঙ্গণে অস্থির থাকতে দেখা গে তাদের সামনে একটাই প্রশ্ন— তা সন্তানরা স্কুলে ভর্তি হতে পারবে তো অন্যান্য ক্লাসের চেয়ে সবচেয়ে বে সমস্যা প্রথম শ্রেণীতে ভর্তি করানো

রাজধানীর ভালো স্কুলগুলোর মা নার্সারী ক্লাসে উদয়ন স্কুলে ১৫ আসনের জন্য ৫৫০টি আবেদনপত্র জ পড়েছে। হলিক্রস স্কুলে ১০০টি আস জন্য ৩,০০০ হাজার আবেদনপত্র জ পড়েছে।

ভালো স্কুলগুলোতে কিভা সন্তানদের ভর্তি করা যায়— সে ল প্রভাবশালী মন্ত্রীদের কা অভিভাবকরা আবেদন-নিবেদন ক চলেছেন। এ ছাড়া স্কুলের ডোনার হ অনেক অবস্থাপন্ন অভিভাবক তা সন্তানদের ভর্তির প্রচেষ্টা নিচ্ছে একশ্রেণীর স্কুল কর্মকর্তাও মোটা অং টাকা গ্রহণ করে অবস্থাপন্ন ব্যক্তি সন্তানদের ভর্তির প্রচেষ্টা চালাচ্ছেন ব অভিযোগ পাওয়া গেছে।

নিম্নবিত্ত মানুষের কথা বাদ দি বলা চলে— সাধারণ মধ্যবিত্ত শ্রে সকল সন্তানেরই স্কুলে স্থান সংকুলা জায়গা নেই। সারাদেশসহ রাজধানী স্কুলের পরিমাণ অপর্যাপ্ত হওয়া অলিতে-গলিতে বিভিন্ন কিন্ডার গার্টেনে জন্ম হয়েছে। কিন্ডার গার্টেনগুলোতে বেশী পরিমাণ খরচ পড়ে, শিক্ষার মান উন্নত নয় এবং নানা অব্যবস্থার কার বেশীর ভাগ অভিভাবকরাই ইদানী

তাদের শিশু-সন্তানদের ভর্তি করাতে অনিচ্ছুক।

তবুও স্কুলগুলোতে ভর্তি করাতে না পারলে অনেক অভিভাবককে সন্তানদেরকে কিন্ডার গার্টেনে করাতে হবে। এমনও হচ্ছে তাদের সন্তানদেরকে স্কুলে গার্টেনে ভর্তি করাবার